দৈনিক বাংলা

তারিখ 23 MAY 1993
তা... ৬ ... কলাম ... ২

০৪

## বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় জরিপ

# ছাত্র শিক্ষকের ভুয়া সংখ্যা দেখানো হচ্ছে—

**নিজস্ব সংবাদদাতা : পটুয়াখালী, ২২ মে।**—বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় জরিপে ব্যাপক দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। অনেক বিদ্যালয়ে দেখানো হচ্ছে ভুয়া ছাত্র-শিক্ষকের সংখ্যা।

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পটুয়াখালীসহ সারাদেশে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ কাজ চলছে। প্রতি থানায় একজন সুপারভাইজরের নেতৃত্বে সংশ্লিষ্ট দফতর এ জরীপ কাজ চালাচ্ছে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঠিক চিত্র তুলে ধরার লক্ষ্যে সরোজমিনে এ জরিপ চালানো হচ্ছে।

এ জরিপকালে বিদ্যালয় কর্তৃপক্ষ ব্যাপক দুর্নীতির আশ্রয় নিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। মফস্বল এলাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ছাত্র রেজিষ্টার অনুযায়ী ছাত্র নেই। সরকারী অনুদান অব্যাহত রাখার স্বার্থে তারা প্রকৃত ছাত্র সংখ্যার চেয়ে বেশী দেখিয়ে থাকেন। জরিপকালে তারা অন্য এলাকার বিদ্যালয় থেকে ছাত্র ধার করে এনে কিংবা সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী বসিয়ে কাগুজে তথ্য প্রমাণ করছেন।

কোন কোন বিদ্যালয়ে শিক্ষকদের সার্টিফিকেট দেখিয়ে সরকারী শিক্ষক অনুদান উত্তোলন করা হয়ে থাকে। বাস্তবে সে নামে ঐ সংখ্যক শিক্ষক নেই। জরিপকালে ভুয়া লোক এনে শিক্ষক দেখানো হচ্ছে।

সরকারী নির্দেশ অনুযায়ী, জরীপ দলের আকস্মিক বিদ্যালয় পরিদর্শনের কথা থাকলেও তা তারা করছেন না। আগাম কর্মসূচী জানিয়ে দিচ্ছেন। ফলে বিদ্যালয় কর্তৃপক্ষ সতর্কতার সাথে প্রয়োজনীয় তথ্যাদি সাজিয়ে গুছিয়ে তাদের সন্তুষ্ট করতে সমর্থ হচ্ছে। এরপরেও কোন বিদ্যালয় কর্তৃপক্ষ শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে তারা অন্যপথ অবলম্বন করছে।

বিদ্যালয় জরিপের ক্ষেত্রে এ অনিয়ম ও দুর্নীতির কারণে জরিপের উদ্দেশ্য ভেস্তে যেতে পারে বলে আশংকো করা হচ্ছে।